

দৈনিক
ইত্তেফাক

প্রতিটি দিন মোমেন মৌলিক চিহ্ন

বাকুবিতে ফিরে গেলেন খোন্দকার নাসিরউদ্দিন

প্রকাশ : ০২ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 বাকুবি (ময়মনসিংহ) সংবাদদাতা

গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বশেমুরবিপ্রবি) সদ্য সাবেক উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মো. নাসিরউদ্দিন গতকাল মঙ্গলবার তার পূর্বের কর্মসূল বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) বায়োটেকনোলজি বিভাগে যোগদান করেছেন। বায়োটেকনোলজি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. শহিদুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

অধ্যাপক ড. শহিদুল ইসলাম বলেন, কোনো শিক্ষক প্রেরণে গেলে পুনরায় কর্মসূলে যোগ দিতে বিভাগীয় প্রধান বরাবর আবেদন করতে হয়। তিনি আবেদন করে গতকাল বিশ্ববিদ্যালয়ে যোগদান করেছেন এবং আজ বুধবার ও আগামীকাল বৃহস্পতিবার ছুটি নিয়েছেন।

উল্লেখ্য, বশেমুরবিপ্রবি শিক্ষার্থীদের ১২ দিনের আন্দোলনের পর সোমবার পদত্যাগ করেন বশেমুরবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার নাসিরউদ্দিন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

